

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।



ই-মেইল: rdokhulna@gmail.com
ওয়েবসাইট: rdotekhulna.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.৩৩৪৫.১০১.২৩.০০১.২১-২০৮৪

তারিখঃ ০৭/১২/২০২১খ্রিঃ

বিষয়: মহান বিজয় দিবস, ২০২১ উদযাপন ও জাতীয় কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ০৭.১২.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইসরাইল হোসেন, পরিচালক(উপসচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ।

তারিখ ও সময় : ০৭-১২-২০২১ খ্রি: সময়: বিকাল ৪.০০ ঘটিকা

স্থান : পরিচালকের সভাকক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট এর সকল শহীদদের এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি মহান বিজয় দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি আঞ্চলিক পরিদর্শক জনাব শেখ মুস্তাফিজুর রহমানকে সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভায় জাতীয় কর্মসূচী ও জেলা প্রশাসন, খুলনার সাথে সামঞ্জস্য রেখে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত
০১.	মহান বিজয় দিবস- ২০২১ এর তাৎপর্য তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন।	১.১ ১৬ ডিসেম্বর, ২০২১ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। ১.২ শহীদদের স্মরণে জেলা প্রশাসনের সাথে সামঞ্জস্য রেখে পুষ্পার্ঘ্য অর্পন। ১.৩ ১৬ ডিসেম্বর, ২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরিচালকের কার্যালয়ে আলোচনা অনুষ্ঠান ও দোয়া মাহফিলের আয়োজন। ১.৪ ১৫/১২/২০২১ খ্রি. তারিখ সকাল ১০-০০-২.০০ পর্যন্ত অনলাইনে কারিগরি শিক্ষা অধিদপ্তরস্বাধীন খুলনা বিভাগের সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ছাত্রছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে মুক্তিযুদ্ধ ভিত্তিক কবিতা আবৃত্তির আয়োজন। ১.৫ ১৬ ডিসেম্বর, ২০২১ এ জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিকাল ৪.০০ ঘটিকায় শপথ অনুষ্ঠান অংশগ্রহণ। ১.৬ পরিচালকের কার্যালয়ের ভবন লাল সবুজ রংয়ের আলোক সজ্জা করণ।
০২.		২.১ খুলনা অঞ্চলের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গুলির শিক্ষার্থীদের অংশগ্রহণে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তি সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন।

২। সকল অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব
পরিচালক
তারিখঃ ০৭/১২/২০২১খ্রিঃ

স্মারক নং- ৫৭.০৩.৩৩৪৫.১০১.২৩.০০১.২১-২০৮৪(৬)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। পরিচালক (প্রশাসন/ পিআইডব্লিউ ও পলিটেকনিক/ ডোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। সহকারি পরিচালক -১/৩/৫ কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৫। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

৬। সংরক্ষণ নথি।

(মোঃ ইসরাইল হোসেন)
উপসচিব
পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা।
ফোন : ০৪১২৮৫০৩৪১